# সফটওয়্যারের কারুকাজ

## স্ক্রিনশুটকে সরাসরি ইমেজ ফাইল হিসেবে সেভ করা

Windows + Print বাটন একত্রে চাপুন মনিটরে বর্তমান ভিউয়ের স্ক্রিনশুট PNG ফাইল হিসেবে সেভ করার জন্য। PNG ফাইলকে ওপেন করা যায় এবং ইমেজ এডিটিং প্রোগ্রাম দিয়ে পরে প্রসেস করা যায়। এ কাজের সময় ডিসপ্লে ডার্ক হয়ে পড়ে, কিছু সময়ের জন্য একটি লক্ষণ হিসেবে।

ফাইল সেভ হয় বর্তমান ইউজার প্রোফাইলের individual images ফোল্ডারে। ফাইলের নামগুলো ব্র্যাকেটের মধ্যে ধারাবাহিক নাম্বারসহ হয়ে থাকে। যেমন Screenshot(1).png। এ কাজটি বিকল্প উপায়ে করা যায়। এজন্য জানতে হবে স্ক্রিনশুটসহ স্ক্রিপ্টিং টুল ফাংশন।

## সহজে শাটডাউনের জন্য শর্টকাট সেটআপ করা

উইন্ডোজ ৮-এ অনেক অপারেশন জটিল হয়ে পড়েছে। তাই দরকার মানসম্মত কিছু শর্টকাটে অভ্যস্ত হওয়া। যেমন দ্রুতগতিতে শাটডাউন বা কমপিউটার রিস্টার্ট করা। খুব সহজেই শাটডাউন ও পিসি রিস্টার্ট করার শর্টকাট সেটআপ করতে পারবেন। 'shoutdown.exe –s –t 00' কমান্ড ব্যবহার করে সিস্টেম শাটডাউন করতে পারেন এবং "shoutdown.exe –r –t 00" ব্যবহার করে পিসি রিস্টার্ট করতে পারবেন।

এ কমান্ড সেটআপ করার জন্য ডেস্কটপ ভিউতে সুইচ করে যেকোনো জায়গায় সুইচ করুন। New→Shorteut→কনটেক্সট কমান্ড ব্যবহার করে নতুন উপাদান তৈরি করুন এবং 'Target' ফিল্ডে উপরে উল্লিখিত কমান্ড দিন। এরপর Next-এ ক্লিক করে একটি নাম দিন। যেমন Shutdown ও Finsh-এ ক্লিক করুন।

শর্টকাটের প্রোপার্টিজে আরেকটি সিম্বল অ্যাসাইন করুন ফাংশনকে যাতে ভালোভাবে বোঝা যায়। এরপর শর্টকাটকে পরবর্তী নতুন Start স্ক্রিনে নিয়ে আসুন। Pin to start menu কনটেক্সট কমান্ড ব্যবহার করে এবং দ্রুতগতিতে ডান ক্লিক করে এ কাজটি সম্পন্ন করা যায়। আপনি ইচ্ছে করলে ম্যানুয়ালি হিডেন ফোল্ডারে শর্টকাট কপি করতে পারবেন। এজন্য C:\ProgramData\Microsoft\Windows\Start Menu\ মেনুতে নেভিগেট করুন।

## উইন্ডোজ এক্সপ্লোরারে সুনির্দিষ্ট ফাইল সার্চ করা

এক্সপ্লোরার উইন্ডোতে স্বাভাবিকভাবে যা কিছু টাইপ করা হয়, এর প্রথম ক্যারেক্টার দিয়ে উইন্ডোজ সার্চ শুরু করে। শুধু প্রথম ক্যারেক্টার ব্যবহার করা যেতে পারে কোনো ফাইল লোকেট করার জন্য, কেননা প্রথম ক্যারেক্টার টাইপ করার পর আপনি নিজেই স্ক্যান করতে পারেন। সুনির্দিষ্ট কোয়েরির জন্য ফাইলে আরও কিছু ক্যারেক্টার টাইপ করতে হবে, যা শুধু কীবোর্ডের মাধ্যমে সম্ভব নয়। এজন্য সার্চফিল্ডে এন্টার করতে হবে সম্পূর্ণ ফাইল নেম বা ফাইল নেমের অংশ। উইন্ডোজ বিবেচনা করে সম্পূর্ণ ফ্রেজ সার্চিংয়ের সময়, যা ফাইল নেমের অংশও হতে পারে। এমনকি বর্তমান ফোল্ডারের সাব-ফোল্ডারও সার্চ করে এবং ফলাফল খুব দ্রুত প্রদর্শন করে।

**কামরুল ইসলাম**
*খাকডহর, ময়মনসিংহ*

## মেইল এলে ব্রাউজারই জানিয়ে দেবে

জনপ্রিয় ব্রাউজার মজিলা ফায়ারফক্সের সাহায্যে স্বয়ংক্রিয়ভাবে জানতে পারবেন নতুন কোনো ই-মেইল এসেছে কি না। এজন্য 'ওয়েব মেইল নোটিফায়ার' নামে একটি অ্যাড-অন লাগবে, https://addons.mozilla.org/en-US/firefox/addon/4490 সাইট থেকে নামিয়ে নিন। এখন ফায়ার ফক্স রিস্টার্ট করুন। খেয়াল করুন, সবার নিচে ডান পাশে মেইলের একটি আইকন এসেছে। আইকনে ক্লিক করে Preference অপশনে যান। ড্রপডাউন মেনুতে 'Google, Yahoo, Hotmail'-এর নাম রয়েছে। ইউজার নেম ও পাসওয়ার্ড বসিয়ে সব অ্যাকাউন্ট একে একে add করুন নিন। ফলে নতুন মেইল এলে নিচের আইকনে সঙ্কেত দেখাবে।

## অনলাইনে বাংলা ফন্ট রূপান্তর প্রোগ্রাম

ইন্টারনেটে যারা বাংলা লেখালেখি করেন বা ব্লগ লেখেন তারা অনেকেই মাঝেমধ্যে বাংলা ফন্টের সমস্যায় পড়েন। যারা ইউনিকোডে লিখে অভ্যস্ত তারা বিজয়ে লিখতে সমস্যায় পড়েন। একইভাবে বিজয়ে অভ্যস্তরা ইউনিকোডে লিখতে সমস্যায় পড়েন।

এ সমস্যার সমাধান পাবেন http://converter.bangla-computing.net ওয়েবসাইটে। এখানে বিজয় থেকে ইউনিকোড, ইউনিকোড থেকে বিজয়, বিজয় থেকে বৈশাখী ইত্যাদি ফন্টে রূপান্তর করার সুবিধা আছে। ইউনিকোড বা বিজয় ফন্টের কোনো লেখা এখানে কপি এবং পেস্ট করে কাঙ্ক্ষিত ফন্টে রূপান্তর করা যাবে। এ ধরনের আরও একটি সাইট হলো http://banglaconverter.com। এখানে বাংলা ফন্ট কনভার্টার ছাড়াও পিডিএফ ফাইলকে ডকুমেন্ট ফন্টে রূপান্তর করার সুবিধা রয়েছে।

**ফারহানা জামান ফাতেমা**
*মুসলিমপাড়া, টাঙ্গাইল*

## এক ক্লিকে সব উইন্ডো বন্ধ করা

পিসি এখন অনেক শক্তিশালী হয়ে উঠেছে এবং ব্যবহারকারীরা এর রিসোর্স সংরক্ষণের ব্যাপারে তেমন সচেতন নন। যেমন এক প্রোগ্রাম বন্ধ করে আরেক প্রোগ্রাম রান করানোর ব্যাপারে। এর ফলে ওপেন উইন্ডো বা প্রোগ্রামে পরিপূর্ণ হয়ে উঠবে উইন্ডোজ। এক পর্যায়ে এসব প্রোগ্রাম বন্ধ করার প্রয়োজনীয়তা উপলব্ধি করবে। ফলে প্রোগ্রামগুলো বন্ধ করতে হয় একটি একটি করে। তবে এ ধরনের বিরক্তিকর কাজ খুব সহজে এক ক্লিকেই করা যায়। এক ক্লিকে সব ওপেন উইন্ডো ও প্রোগ্রাম বন্ধ করা যায় ফ্রি টুল ব্যবহার করে নিচে বর্ণিত ধাপগুলো সম্পন্ন করে।

* একটি ওয়েব ব্রাউজার চালু করে www.ntwind.com সাইটে ভিজিট করুন। পেজ লোড হওয়ার পর Products মেনু ওপেন করে Utilities অপশন বেছে নিন। পরবর্তী পেজে স্ক্রল ডাউন করে Close All Windows লিঙ্কে ক্লিক করুন। এরপর স্ক্রল ডাউন করে Download→Close All Open Windows লিঙ্কে ক্লিক করুন। পরবর্তী ডায়ালগবক্সে সেভ বেছে নিয়ে একটি লোকেশন (যেমন ডেস্কটপ) বেছে নিন এবং Save-এ ক্লিক করুন। ফলে ফোল্ডার ডেস্কটপে থাকবে। এতে ডান ক্লিক করে Extract বেছে নিয়ে পরের নির্দেশাবলী অনুসরণ করুন।

* নতুনভাবে এক্সট্রাক্টর করা ফোল্ডার, যা Close All হিসেবে পরিচিত, তা খুঁজে নিয়ে ডাবল ক্লিক করুন ওপেন করার জন্য। Close All Windows ৩২ বিট এবং ৬৪ বিট উভয় ভার্সনের উইন্ডোজে কাজ করতে পারে। ৬৪ বিট ভার্সন থাকবে আলাদা ফোল্ডার, যা 'x64' হিসেবে পরিচিত। এই ফোল্ডারের এক্সট্রাক্ট হয়। এটি অন্যান্য জায়গায়ও যেতে পারে। যেমন এক্সপ্রির ক্যুইক লাঞ্চ টুলবার বা উইন্ডোজ ৭-এর টাস্কবারে। শর্টকাটে কাজ করা সহজ, তাই এবার আইকনে ডান ক্লিক করে 'Send' অপশন বেছে নিন ডেস্কটপে ক্লিক করার পর।

* ডেস্কটপ শর্টকাটকে ড্র্যাগ করে ক্যুইক লাঞ্চ টুলবারে ড্রপ করুন সেখানে রাখার জন্য অথবা ডান ক্লিক করুন এবং Pin to Taskbar বেছে নিন। এটি পরীক্ষা করার জন্য কিছু প্রোগ্রাম লোড করুন অথবা কিছু উইন্ডোজ এক্সপ্লোরার উইন্ডো ওপেন করুন। এরপর মাউস পয়েন্টারকে টাস্কবারে এনে Close All Windows আইকনে ক্লিক করুন। যদি উইন্ডোজ ডিসপ্লে করে সিকিউরিটি সতর্কতা, তাহলে Always ask before opening this file অপশনের পাশের টিক অপসারণ করুন এবং এরপর Run-এ ক্লিক করুন। ফলে সব ওপেন উইন্ডো এবং প্রোগ্রাম বন্ধ হয়ে যাবে।

**মিতা রহমান**
*গড়পাড়া, মানিকগঞ্জ*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে–* **কামরুল ইসলাম, ফারহানা জামান ফাতেমা ও মিতা রহমান।**